

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নম্বর : ১০.০০.০০০০.১৩০.৯৯.০০২.১৮.২৪৪

তারিখ : ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৪ জুন ২০২৬

বিষয় : www.mygov.bd লিংক-এ সত্যায়নের জন্য আবেদনকৃত বিবাহ/তালাকনামা সম্পর্কিত ডকুমেন্ট যাচাই কার্যক্রম ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিষ্পন্নকরণ প্রসঙ্গে।

সূত্র : পররাষ্ট্র মন্ত্রণালয় এর কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ এর স্মারক নং-১৯.০০.০০০০.৫১.৯৯.০০২.২৪-৫২১, তারিখ-১৩-১০-২০২৫ খ্রি. মূলে প্রেরিত পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিবাহ ও তালাকনামা সংক্রান্ত কাগজাদি সত্যায়নের জন্য সেবা প্রার্থী কর্তৃক www.mygov.bd লিংক-এ আবেদনের পর সর্বোচ্চ ০৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে যাচাই ও সত্যায়ন কার্যক্রম সম্পন্ন নির্দেশনা থাকলেও এ ধরনের কাগজাদি নিকাহ রেজিস্ট্রার ও জেলা রেজিস্ট্রার কর্তৃক যাচাইয়ের ক্ষেত্রে বিলম্ব হচ্ছে মর্মে এ বিভাগের দৃষ্টিগোচর হয়েছে। এর ফলে সেবা গ্রহীতা নাগরিকদের নানাবিধ হয়রানির শিকার হতে হচ্ছে।

২। বর্ষিতাবস্থায়, ই-অ্যাপস্টিল প্রক্রিয়ায় সত্যায়নের জন্য দাখিলকৃত নিকাহনামা, তালাকনামা এবং এ সংক্রান্ত অন্যান্য কাগজাদির যাচাই প্রক্রিয়া সেবা প্রার্থী কর্তৃক www.mygov.bd লিংক-এ আবেদন করার তারিখ হতে সর্বোচ্চ ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার ও নিকাহ রেজিস্ট্রারদের নির্দেশ প্রদান করা হলো।

স্বাঃ/-

(হাসান মাহমুদুল ইসলাম)
যুগ্মসচিব (রেজিস্ট্রেশন)
ফোন : ৪১০৫২৬৮৫

১। জেলা রেজিস্ট্রার.....(সকল)।

২। নিকাহ রেজিস্ট্রার.....(সকল)

নম্বর : ১০.০০.০০০০.১৩০.৯৯.০০২.১৮.২৪৪/১(৬)

তারিখ : ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৪ জুন ২০২৬

অনুলিপি সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।


২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

৪। জনাব মোঃ মওদুদ হাসান, সহকারী সচিব, কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

✓ ৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৬। অফিস কপি/গার্ড ফাইল।


(মোহাম্মদ আশিফুর রহমান)
সিনিয়র সহকারী সচিব